



রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়

অস্থায়ী কার্যালয়: বিভাগীয় কন্টিনিউইং এডুকেশন সেন্টার (ডিসিইসি ভবন)

রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল ক্যাম্পাস, রাজশাহী-৬০০০

ই-মেইল : rajshahi.mu@gmail.com

ঢাকা লিয়াজোঁ অফিস:

জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট ও হাসপাতাল ভবন (২য় তলা) কক্ষ নং ২৬৩, ২৬৯, আগারগাঁও, শের-ই-বাংলা নগর,
ঢাকা-১২০৭।

২৪ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ

তারিখঃ-----

০৮ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

স্মারক নং : রামেবি/নিয়োগ বিজ্ঞপ্তি/৭০/২০১৮/৫৫৫

“নিয়োগ বিজ্ঞপ্তি”

রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় কর্তৃক নিম্নোক্ত পদসমূহে নিয়োগের উদ্দেশ্যে প্রকৃত বাংলাদেশী যোগ্য নাগরিকদের নিকট হইতে নিম্নবর্ণিত ছকে অগ্রায়ণপত্রসহ আবেদনপত্র আহবান করা যাইতেছে:

ক্র.ন	পদের নাম ও বেতন স্কেল	বেতন স্কেল	বয়স	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	রেজিস্ট্রার	টাকা ৫৬৫০০- ৭৪৪০০/- (গ্রেড-৩)	সর্বোচ্চ ৫২ বছর	১	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে ৪/৫ বছরের স্নাতক (সম্মান) অথবা ৩ বছরের স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি কিংবা স্নাতক (পাস) সহ স্নাতকোত্তর ডিগ্রি। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে। শিক্ষা জীবনে কোন ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়। খ) সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে শিক্ষা/প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন কাজে প্রথম শ্রেণীর (জাতীয় বেতন স্কেল ৯ম গ্রেড বা তদূর্ধ্ব) কর্মকর্তা পদে কমপক্ষে ১৮ (আঠার) বছরের অভিজ্ঞতাসহ ন্যূনপক্ষে ৫ম গ্রেডে উপ-রেজিস্ট্রার/উপ-পরিচালক/সমমান পদে ০৮ বছর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। গ) কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞ ও সরকারী বিধি বিধান সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা বাঞ্ছনীয়। ঘ) পাবলিক বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাগণকে অগ্রাধিকার দেয়া হবে।
২।	সহকারি কলেজ পরিদর্শক	টাকাঃ ২৯০০০- ৬৩৪১০ (গ্রেড-৭)	সর্বোচ্চ ৪০ বছর	১	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে ৪/৫ বছরের স্নাতক (সম্মান) অথবা ৩ বছরের স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি কিংবা স্নাতক (পাস) সহ স্নাতকোত্তর ডিগ্রি। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে। শিক্ষা জীবনে কোন ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়। খ) সরকারি/পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে পরিদর্শন/ শিক্ষা/প্রশাসন সংক্রান্ত কাজে প্রথম শ্রেণীর কর্মকর্তা (জাতীয় বেতন স্কেল ৯ম গ্রেড ও তদূর্ধ্ব) পদে কমপক্ষে ০৪ (চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে বাংলা ও ইংরেজি ভাষায় পারদর্শী হতে হবে। কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞ হতে হবে। সরকারি বিধি-বিধান সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা বাঞ্ছনীয়।
৩।	সেকশন অফিসার	টাকাঃ ২২০০০- ৫৩০৬০/- (গ্রেড-৯)	সর্বোচ্চ ৩০ বছর	৬	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে ৪/৫ বছরের স্নাতক (সম্মান) অথবা ৩ বছরের স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রি কিংবা স্নাতক (পাস) সহ স্নাতকোত্তর ডিগ্রি। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনপক্ষে ২য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে। শিক্ষা জীবনে কোন ৩য় শ্রেণী গ্রহণযোগ্য নয়। খ) সরকারি/ আধাসরকারি /স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে শিক্ষা/প্রশাসন/অর্থ ও হিসাব/গবেষণা/পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীকে বাংলা ও ইংরেজি ভাষায় পারদর্শী হতে হবে। কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞ হতে হবে। সরকারি বিধি-বিধান সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা বাঞ্ছনীয়।